



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : [www.dinajpureducationboard.gov.bd](http://www.dinajpureducationboard.gov.bd)

E-mail : dinajpureducationboard@gmail.com

স্মারক নং- ৭/কল/কুড়ি/১৫০/১৬০৪

তারিখঃ ০৮/১১/২০১৮

বিষয়ঃ উচ্চ মাধ্যমিক পর্যায়ে প্রথম অস্থায়ী স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭০.৩৩.০০১.১৭.৩৮৫, তারিখঃ ০৬/১১/২০১৮ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলাধীন “হাবিবুর রহমান মডেল কলেজ” -এ নিম্নলিখিত শাখা ও বিষয় সমূহসহ ০১/০৭/২০১৮ তারিখ হতে ৩০/০৬/২০২০ তারিখ পর্যন্ত মোট ০২ (দুই) বছর মেয়াদে উচ্চ মাধ্যমিক পর্যায়ে প্রথম অস্থায়ী স্বীকৃতি প্রদান করা হলো।

## শাখাসমূহঃ

১। মানবিক, ২। ব্যবসায় শিক্ষা, ৩। বিজ্ঞান।

## বিষয়সমূহঃ

আবশ্যিকঃ

- ১। বাংলা।
- ২। ইংরেজি।
- ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।

(ক) মানবিক শাখাঃ

- ১। পৌরনীতি ও সুশাসন।
- ২। যুক্তিবিদ্যা।
- ৩। সমাজ বিজ্ঞান।
- ৪। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি।

(খ) বিজ্ঞান শাখাঃ

- ১। পদার্থবিজ্ঞান।
- ২। রসায়ন।
- ৩। জীববিজ্ঞান।
- ৪। উচ্চতর গণিত।

(গ) ব্যবসায় শিক্ষা শাখাঃ

- ১। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা।
- ২। হিসাববিজ্ঞান।
- ৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন।

(ঘ) সকল শাখার জন্যঃ

- ১। কৃষি শিক্ষা।

## শর্তসমূহঃ

- ১। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।
- ২। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।
- ৩। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শঃ৪৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)- শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষন পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষন করতে হবে।
- ৪। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিষ্টার্ড অডিটর দ্বারা অভিট করাতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- ৫। কলেজের জন্য নিয়মিত গভর্ণিং বডি গঠন করে যথাসময়ের মধ্যে গভর্ণিং বডির সদস্যদের নামের তালিকা অনুমোদনের জন্য বোর্ডে পাঠাতে হবে।

চলমান পাতা....

- ৬। উল্লেখ্য, প্রতি পঞ্জিকাবর্ষের প্রতি ৩ (তিনি) মাসে গভর্ণিং বডিতে ন্যূনতম একটি সভা অনুষ্ঠানসহ প্রবিধানমালা, ২০০৯ এর অন্যান্য সকল শর্ত পূরণ নিশ্চিত করতে হবে।
- ৭। কলেজের পরিবর্তী অস্থায়ী স্থায়ী শীক্ষিতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে;
- ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্ষেপে রিপোর্ট
  - খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট
  - গ) অস্থায়ী স্থায়ী শীক্ষিতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ৮,০০০/- (আট হাজার) টাকা বোর্ডের সচিব-এ অনুকূলে সোনালী সেবার মাধ্যমে জমা প্রদান করতে হবে।
- ৮। প্রতি বিষয়ে কমপক্ষে ২৫ জন করে ছাত্র-ছাত্রী ভর্তি করতে হবে।
- ৯। গবেষণাগার ও গ্রন্থাগারে আরো প্রয়োজনীয় সংখ্যক যন্ত্রপাতি ও বই পুস্তকের সংখ্যা বাড়াতে হবে।
- ১০। অধ্যক্ষ ও শিক্ষক সারণী বোর্ড অফিস কক্ষে প্রদর্শন করতে হবে।
- ১১। অফিস কক্ষে চলতি সেশনের সকল শ্রেণীর ছাত্র-ছাত্রীর সংখ্যা এবং বিগত তিনি বছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফলের তালিকা সারণী বোর্ডে উল্লেখ থাকতে হবে।
- ১২। শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- ১৩। আগস্ট ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নিত করতে হবে।
- ১৪। ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিওড়ঙ্ক করা যাবে না।
- ১৫। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ১৬। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- ১৭। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- ১৮। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রাচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- ১৯। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

অধ্যক্ষ,

হাবিবুর রহমান মডেল কলেজ, (EIIN-136930)  
ডাকঘর ৪ ফরকেরহাট  
উপজেলা ৪ রাজারহাট, জেলা ৪ কুড়িগ্রাম।


  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
দিনাজপুর।


স্মারক নং- ৭/কল/কুড়ি/১৫০/১৬০৮

তারিখঃ ০৮/১১/২০১৮

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল :

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। পরিচালক, ব্যানরেইস, শিক্ষা মন্ত্রণালয়, সোনারগাঁও রোড (পলাশী নীলক্ষেত), ঢাকা-১২০৫।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর, রাজশাহী।
- ৫। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর, রাজশাহী।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম।
- ৮। ওয়েব সাইট কপি।
- ৯। অফিস কপি।

  
০৮/১১/১৮  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
দিনাজপুর।

  
০৮/১১/১৮

জরুরী ভিত্তিতে ইন্টারেক্ষিভ ওয়েব সাইট খুলুন এবং প্রতিদিন অত্র বোর্ডের ওয়েব সাইট দেখুন।